34

দৈনিক ইনকিলাব

তারিখ ... 29 DEC 1994 ...

পৃষ্ঠা ৫ কলাম ৫ ...

## শিক্ষাঙ্গন

### প্রসঙ্গ ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ে সম্মান শ্রেণীতে ভর্তি

কিছু দিনের মধ্যেই অন্যান্য বছরের ন্যায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে অনার্স ভর্তি পরীক্ষার বিজ্ঞপ্তি দেয়া হবে। উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয়ে অনার্স ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সাথে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় প্রাপ্ত নম্বরের যথাক্রমে ৪% ও ৬% যোগ করে মেধা স্কোরে তৈরী করা হয়। কিন্তু ১৯৯২ সাল হতে মাধ্যমিক অবজেকটিভ হওয়ায় পরীক্ষার্থীগণ আশাতীত নম্বর পেয়ে আসছে। তাই আমরা যারা ১৯৯৩ সালে উচ্চ মাধ্যমিক পাস করে বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে পারিনি, তারা শর্তসাপেক্ষে এবারও অনার্স ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবো। আমাদের সাথে এবারের, অর্থাৎ ১৯৯৪ সালের উচ্চ মাধ্যমিক পাস করা ছাত্র-ছাত্রীরাও পরীক্ষা দেবে, যারা ১৯৯২ সালে মাধ্যমিক পরীক্ষা পাস করেছে। তাই অন্তত এ বছরের জন্য মাধ্যমিক পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ৪% বাদ দিয়ে উচ্চ মাধ্যমিক ও ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধা স্কোর তৈরী করার নিয়ম প্রণয়নের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিকট আকুল আবেদন জানাচ্ছি।

মোঃ সাখায়েত উল্লাহ (শাহীন),
দত্ত বাড়ীর মোড়, মাইজদী,
নোয়াখালী।